গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা:২৪৮/২০১৭/ ৫৭২২

তারিখ: ২৩ অক্টোবর ২০১৭

**বিষয়: ১৬২তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬২তম কমিশন সভা ১৮ অক্টোবর ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"**।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৬২/১ | **আলোচ্য বিষয়:** ১৬১তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৬১তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৬২/২ | **আলোচ্য বিষয়:** ১৬১তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৬১তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| ১৬২/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১০(দশ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১০(দশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৯৯৬কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. মেসার্স ইনডেক্স এক্সেসরিজলিমিটেড [গৌরীপুর, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৯৬কি:ও: [১৭৬ +৩২০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিনহাজার) টাকা;<br>২. ইয়ংওয়ানস (বাংলাদেশ)লিমিটেড ইউনিট-২ [২৪ লক্ষীপুরা, শহীদ চান মিয়া রোড, পূর্ব চন্দনা, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৮৮০কি:ও: [৪৪০ + ৪০০ + ৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৩. আজিম এন্ড সন্স (প্রা:) লিমিটেড [৩৬-এ, ইন্দিরা রোড, তেজগাঁও, ঢাকা-১২১৫] এর অনুকূলে ২২০কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. টেক্সনেল ফ্যাশনসলিমিটেড[ছাদেরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর] এর অনুকূলে ১০৪কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৫. ওয়াই-ফ্রন্টস এক্সেসরিজ [হাউজ নং: ২৪, ওয়ার্ড নং: ০১, আরশিনগর মেইন রোড, আরশিনগর কেরানিগঞ্জ, ঢাকা-১৩১২] এর অনুকূলে ৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) টাকা;<br>৬. ইয়ংতাই ইন্ডাস্ট্রিজ (বিডি) লিমিটেড [কুমিল্লা ইপিজেড, পুরাতন বিমানবন্দর, কুমিল্লা-৩৫০০] এর অনুকূলে ২৩৮কি:ও:[৮৮ + ১৫০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৭. বেঙ্গল ব্রেইডেড রাগস লিমিটেড [ফোর্ডনগর, ধামরাই, ঢাকা, বাংলাদেশ] এর অনুকূলে ২২২ কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৮. সিমুরা নন-ওভেন্স লিমিটেড [বড় রাঙ্গামাটিয়া, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৯. ফিগো ফ্যাশনস লিমিটেড [বাড়ুয়ার টেক, শাকপুরা, বোয়ালখালি, চট্টগ্রাম] এর অনুকূলে ৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>১০. টিভোলী অ্যাপারেলস লিমিটেড [প্লট নং: এ-১০২, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৪৪০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | |
| ১৬২/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদনও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ডিজেল ভিত্তিক ৫২০কি:ও:হতে ৭৬৮ কি:ও: বৃদ্ধিপূর্বক ১২৮৮ কি:ও:বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. হা-মীম ডিজাইন লিমিটেড [আরজিএল কমপ্লেক্স, ভানদার্তি, কালিগঞ্জ, গাজীপুর]এর অনুকূলে ৪৪০কি:ও:হতে ৫২৮ কি:ও: [৪৪০+ ৮৮] বৃদ্ধিপূর্বক ৯৬৮কি:ও: [৪৪০+ ৪৪০+ ৮৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ১৬/০৯/২০১৬ হতে ১৫/০৯/২০১৯;<br><br>২. ডিকা টেক্স লিমিটেড [টেঙ্গুরী, বিকেএসপি, আশুলিয়া, সাভার, ঢাকা]এর অনুকূলে ৮০কি:ও:হতে ২৪০ কি:ও: বৃদ্ধিপূর্বক৩২০কি:ও: [৮০+ ২৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চারহাজার) টাকা, মেয়াদ: ৩০/১২/২০১৬ হতে ২৯/১২/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬২/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩(তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে বিদ্যমান দুইটি লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের একটি বাতিলের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদনও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নিম্নোক্ত ৩(তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে বিদ্যমান দুইটিলাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের একটি লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটবাতিলপূর্বকঅন্যটির ধারাবাহিকতা বজায় রাখার অনুমোদন প্রদান করা যেতে পারে:<br><br>১. ইটাকল বাংলাদেশ লিমিটেড [প্লট নং: ২৭৯ (এক্সটেনশন এরিয়া), ডিইপিজেড, সাভার, ঢাকা]এর অনুকূলে পূর্বে ইস্যুকৃত গ্যাস ভিত্তিক ২৮০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি (এলডব্লিউসি-০৩০৫) বাতিলপূর্বক ৫৬০ কি:ও: [২৮০ + ২৮০] বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটির (এলডব্লিউসি-২০৭৯) ধারাবাহিকতা বজায় রাখার অনুমোদন প্রদান করা যেতে পারে;<br><br>২. কালার ক্রিয়েশন [পাগাড়, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে পূর্বে ইস্যুকৃত ডিজেল ভিত্তিক ৩৩০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তেলাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি (এলডব্লিউসি-১৫২৬) বাতিলপূর্বক ডিজেল ভিত্তিক ৩৩০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটির (এলডব্লিউসি-২০৫৮) ধারাবাহিকতা বজায় রাখার অনুমোদন প্রদান করা যেতে পারে;<br><br>৩. ইউনিকর্ণ সোয়েটারস লিমিটেড [পূর্বের ঠিকানা: বেরন, ইয়ারপুর ইউনিয়ন, আশুলিয়া, সাভার, ঢাকা; সংশোধিত ঠিকানা: গোরাট, নাভানা ভিলেজ, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে পূর্বে ইস্যুকৃত ডিজেল ভিত্তিক২২০ কি:ও: লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি (এলডব্লিউসি-০০৪৮) বাতিলপূর্বক ডিজেল ভিত্তিক ৩৫২ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটির (এলডব্লিউসি-০৮২৯) ধারাবাহিকতা বজায় রাখার অনুমোদন প্রদান করা যেতে পারে। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৬২/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২০(বিশ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ২০ (বিশ) টি প্রতিষ্ঠানকে দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায়। এ সকল প্রতিষ্ঠানকে ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিলের জন্য ২০১০ এবং ২০১১ সালে পত্র প্রেরণ করা হয়। ২০১৭ সালের আগস্ট মাসে পত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ বাতিল করা হবে মর্মে প্রতিষ্ঠানসমূহকে তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি।<br><br>উপস্থাপিত ২০ (বিশ) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বিদ্যুৎ উৎপাদনের জন্য ২০ (বিশ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার প্রস্তাব অনুমোদন করা হয় (পরিশিষ্ট-খ)। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬২/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩(তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৩.৫৯৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. ন্যাচারাল সোয়েটার ভিলেজ লিমিটেড, রাজু টাওয়ার, গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ রাজু টাওয়ার, গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.০৪৪ মেগাওয়াট [৫৬০ কি.ও. (ডিজেল) + ২৬৪ কি.ও. (ডিজেল) + ২২০ কি.ও. (ডিজেল)]।<br><br>২. জন রন সোয়েটারস লিমিটেড, নিশ্চিন্তপুর, আশুলিয়া, ডিইপিজেড রোড, জিরাবো, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: নিশ্চিন্তপুর, আশুলিয়া, ডিইপিজেড রোড, জিরাবো, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা: ১.২৩২ মেগাওয়াট [৮০০ কি.ও. (ডিজেল) + ২৫৬ কি.ও. (ডিজেল) + ১৭৬ কি.ও. (ডিজেল)]।<br><br>৩. সোনিয়া এন্ড সোয়েটারস লিমিটেড, প্লট নং-৬০৪, কোন্দলবাগ, তৈয়বপুর, আশুলিয়া, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লট নং-৬০৪, কোন্দলবাগ, তৈয়বপুর, আশুলিয়া, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৩২ মেগাওয়াট [৫২০ কি.ও. (ডিজেল) + ৪৪০ কি.ও. (ডিজেল) + ৩৬০ কি.ও. (ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬২/৮ | **আলোচ্য বিষয়:** BPDB-RPCL PowerGen Ltd. কড্ডা, গাজীপুর এর নাম সংশোধন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, গত ০৭ জুন, ২০১৭ তারিখে কমিশনের ১৪৯তম সভায় ১৪৯/৭ নং সিদ্ধান্তনুযায়ী আইপিপি ক্যাটাগরির BPDB-RPCL Power Limited, Kodda, Gazipur এর অনুকূলে Duel Fuel (এইচএফও/ গ্যাস) ভিত্তিক ১৪৯.৩৫৬ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের সাময়িক লাইসেন্স বকেয়া লাইসেন্স ফিস পরিশোধ সাপেক্ষে মঞ্জুরী প্রদান করা হয়। গত ০৩ অক্টোবর, ২০১৭ তারিখে প্রতিষ্ঠানটি বকেয়া লাইসেন্স ফিস বাবদ ১৩,৫০,০০০.০০ (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার ও ভ্যাট বাবদ ৩,১৫,০০০.০০ (তিন লক্ষ পনের হাজার) টাকা ব্যাংকে জমাপূর্বক চালানের মূলকপি কমিশনে দাখিল করেছে। ১৪৯তম সভার কার্যবিবরনীতে প্রতিষ্ঠানটির নাম BPDB-RPCL Powergen Limited এর পরিবর্তে BPDB-RPCL Power Limited লেখা হওয়ায় কমিশনের মাননীয় চেয়ারম্যানের অনুমোদন সাপেক্ষে সংশোধিত নামে BPDB-RPCL Powergen Limited, Kodda, Gazipur এর অনুকূলে Duel Fuel (এইচএফও/ গ্যাস) ভিত্তিক ১৪৯.৩৫৬ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের সাময়িক লাইসেন্স প্রদান করা | |

| | | |
|---|---|---|
| | হয়। <br><br> কমিশনের ১৪৯তম সভার সিএম ১৪৯/৭ সিদ্ধান্তে উল্লেখিত প্রতিষ্ঠানটির নাম BPDB-RPCL Power Limited এর পরিবর্তে BPDB-RPCL Powergen Limited এ লাইসেন্স প্রদানের বিষয়টির ভুতাপেক্ষ অনুমোদন প্রদানে একমত পোষণ করা হয়। <br><br> **সিদ্ধান্ত:** ১৪৯তম সভার ১৪৯/৭নং সিদ্ধান্তনুযায়ী BPDB-RPCL Powergen Limited, Kodda, Gazipur এর অনুকূলে Duel Fuel (এইচএফও/ গ্যাস) ভিত্তিক ১৪৯.৩৫৬ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের আইপিপি ক্যাটাগরির সাময়িক লাইসেন্স প্রদানের ভুতাপেক্ষ অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬২/৯ | **আলোচ্য বিষয়:** 'এসকেএস এলপিজি' (প্লট নং-৩, ৪, মংলা পোর্ট ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, উপজেলা : মংলা, জেলা : বাগেরহাট)-এর অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্স এর মেয়াদ ৩ মাস বৃদ্ধিকরণ সম্পর্কে। <br><br> **সিদ্ধান্ত :** এসকেএস এলপিজি- এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের জন্য প্রদত্ত সাময়িক লাইসেন্স এর মেয়াদ ৩ (তিন) মাস (০৫/১০/২০১৭ হতে ০৪/০১/২০১৮ পর্যন্ত) বৃদ্ধিকরণের বিষয়টি পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৬২/১০ | **আলোচ্য বিষয়:** 'রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লি: (আরপিজিসিএল)' [ফুলবাড়ী এন্ড টিকরবাড়ী, উপজেলা : গোলাপগঞ্জ, জেলা : সিলেট]-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ ও বিপণণের জন্য ৫ বছর মেয়াদে লাইসেন্স নবায়ন সম্পর্কে। <br><br> **আলোচনা:** সভায় জানানো হয় যে, 'রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লি: (আরপিজিসিএল)' এর অনুকূলে বার্ষিক ১০৫ মে. টন (১,০৫,০০০ লিটার) এলপিজি গ্যাস মজুদকরণ, বিতরণ ও বিপণনের জন্য গত ১০/০৯/২০০৯ তারিখে লাইসেন্স প্রদান করা হয়। ০৯/০৯/২০১৫ তারিখে লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হয়েছে। প্রতিষ্ঠানটির বার্ষিক সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা ৮২০০ মেট্রিক টন। মজুদকৃত এলপিজি পরবর্তীতে এলপি গ্যাস লি: প্রতিষ্ঠানটি বোতলজাত করে এবং পদ্মা অয়েল কোম্পানী লি:, মেঘনা পেট্রোলিয়াম লি: ও যমুনা অয়েল কোম্পানী লি: ভোক্তা পর্যায়ে বিতরণ করে। তাই প্রতিষ্ঠানটির অনুকূলে মজুদকরণ ও বিপণন লাইসেন্স প্রয়োজ্য হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটির বার্ষিক উৎপাদন ক্ষমতা ১,০৫,০০০ লিটার (১০৫ মেট্রিক টন এর পরিবর্তে ১০,০০০ মেট্রিক টন করা যেতে পারে। অনুমোদিত হলে প্রতিষ্ঠানটি বরাবর ২০১৫-২০১৬ বছরে বকেয়া প্রাপ্য ১৫,০০,০০০/- এবং ২০১৬-১৭ হতে ২০১৯-২০ বছরে প্রতি বছরে (মজুদকরণ বাবদ ১,০০,০০০/- ও বিপণন বাবদ ৫,০০,০০০/-) মোট ৬,০০,০০০/- টাকা হিসেবে ২৪,০০,০০০/- টাকা, সর্বমোট প্রাপ্য ৩৯,০০,০০০/- টাকা। কিন্তু প্রতিষ্ঠানটি ১০/৯/২০১৫ হতে ০৯/৯/২০১৯ পর্যন্ত ফিস বাবদ মোট জমা দিয়েছে ৪৯,০০,০০০/- টাকা। অর্থাৎ ১০,০০,০০০/-টাকা অতিরিক্ত জমা দিয়েছে, যা ভবিষ্যতে সমন্বয় করা যেতে পারে। তবে সমন্বয়ের জন্য প্রযোজ্য ফিসের বিস্তারিত একটি বিবরণী প্রতিষ্ঠানটিকে জানিয়ে দিতে হবে মর্মেও একমত পোষণ করা হয়। <br><br> **সিদ্ধান্ত:** 'রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লি: (আরপিজিসিএল)' (ফুলবাড়ী এন্ড টিকরবাড়ী, উপজেলা : গোলাপগঞ্জ, জেলা : সিলেট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ ও বিপণনের জন্য ৫ বছর মেয়াদে (১০/৯/২০১৫ হতে ৯/৯/২০২০ তারিখ পর্যন্ত) লাইসেন্স নবায়নের প্রস্তাব অনুমোদন করা হয়। প্রযোজ্য ফিস ও অতিরিক্ত জমা দেয়া ফিসের একটি বিবরণী ভবিষ্যতে সমন্বয়নের জন্য প্রতিষ্ঠানটিকে জানিয়ে দিতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৬২/১১ | **আলোচ্য বিষয়:** 'বাদশাহ্ সিএনজি ফিলিং স্টেশন' (উত্তর সলিমপুর, ফৌজদারহাট স্টেশন, সীতাকুন্ড, চট্রগ্রাম) থেকে 'মা ফাতেমা সিএনজি ফিলিং স্টেশন' এ নাম পরিবর্তনপূর্বক লাইসেন্স সংশোধন সম্পর্কে। <br><br> **সিদ্ধান্ত:** 'বাদশাহ্ সিএনজি ফিলিং স্টেশন' (উত্তর সলিমপুর, ফৌজদারহাট স্টেশন, সীতাকুন্ড, চট্রগ্রাম)-এর নাম পরিবর্তনপূর্বক 'মা ফাতেমা সিএনজি ফিলিং স্টেশন'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৬২/১২ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের অনুমোদন সম্পর্কে। <br><br> **সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br>১. গার্ডিয়ান ইঞ্জিনিয়ারিং লিমিটেড [হাউজ-১০, ব্লক-বি, মেইন রোড বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।]<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ পাইক পাড়া, উপজেলাঃ লালপুর, জেলাঃ নাটোর<br><br>বার্ষিক চাহিদা: Engine Oil (SF-SN/CD-CF,CD-CI-4/SF-SL,SC/CC,SC-CD,SJ-SN,CF/CI-4,SF-SN,CF-CI-4, TBN12-50): 2295 M.T, Gear Oil(GL 4/5, ISO 150/220/320/460): 195 M.T, Hydraulic Oil(32/46/68/100): 315 M.T, Compressor Oil (32/46/68/100/150/220: 175 M.T, Transformer Oil (32): 80 M.T, Grease (NLGI 2/3): 115 M.T, ATF (DX 3/4),: 80 M.T, Brake Oil(DOT 3/4): 80 M.T, Heat Transfer Oil (32): 155 M.T, Knitting Oil (10/22/1932): 155 M.T, Bike 4T (SJ-SN,JASO MA): 475 M.T, Turbine Oil (SAE 40/50): 315 M.T, HT Chain Oil (150/220/320): 40 M.T<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে।<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর | |
| ১৬২/১৩ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ৬টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** : পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন বিতরণের জন্য/কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে নিম্নবর্ণিত ৬টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়:<br>১. এ্যাডভান্সড ট্রেডিং কর্পোরেশন [কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ]<br>প্রকার : মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা : মৌজাঃ খাসপাড়া, কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ<br>বার্ষিক চাহিদা : Paraffin Wax: 42 M.T<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>বিপণণ/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ :২৭/০৯/২০১৭ হতে ২৬/১২/২০১৭ পর্যন্ত<br><br>২. হ্যামিলটন মেটাল কর্পোরেশন লিঃ [৭৫ গুলশান এভিনিউ, গুলশান-১,ঢাকা-১২১২]<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ<br>বার্ষিক চাহিদা : White Petroleum Jelly: 250 MT, Paraffin Wax: 250 M.T.<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>মেয়াদ :১২/১০/২০১৭ হতে ১১/০১/২০১৮ পর্যন্ত<br><br>৩. কে.এম এন্টারপ্রাইজ [৩৯৩ শহীদ জননী জাহানারা ইমাম সরণি, দোকান নং-২২ (৪র্থ তলা), এলিফ্যান্ট রোড, ঢাকা।]<br>প্রকার : মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা : মৌজাঃ চর কামরাঙ্গি, কামরাঙ্গিরচর, ঢাকা<br>বার্ষিক চাহিদা : Liquid Paraffin: 2,810 M.T, Petroleum Jelly: 100 M.T & Paraffin Wax: 200 M.T<br>লাইসেন্স ফিসঃ মজুদকরণ, বিপণন/বিতরণ এবং সংশোধন ফিসঃ ৬,০০,১,০৫০/- ।<br>মেয়াদ :০৯/১২/২০১৫ হতে ০৮/১২/২০১৭ পর্যন্ত<br><br>৪. মুনষ্টার পলিমার এক্সপোর্ট লিমিটেড [নওয়াপাড়া, ফকিরহাট, বাগেরহাট।]<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : [মংলা ইপিজেড, বাগেরহাট]<br>বার্ষিক চাহিদা : Paraffin Wax: 2,250 M.T, P.P/LDPE/LLDPE/MLLDPE/HDPE/Master | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | Batch/PVC (Resin)/EVAC Polistarin/Eva: 8,000 M.T, Thinner: 675 M.T & Ethyl Acetate: 675 M.T<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দাখিল করা হয়েছে।<br>মেয়াদ :২৭/০৭/২০১৭ হতে ২৬/০১/২০১৮ পর্যন্ত।<br><br>৫. ম্যান্স ইলেকট্রিক্যালস লিঃ;হাউজ নং-১০এ, ফ্ল্যাট নং-৪-ডি, গ্লোব নিবাস, সেগুন বাগিচা, ঢাকা-১০০০;<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : দক্ষিন বাইপাইল, সাভার, ঢাকা<br>বার্ষিক চাহিদা : Transformer Oil: 2,53,000 Litres.<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দাখিল করা হয়েছে।<br>মেয়াদ :১৫/১০/২০১৭ হতে ১৪/০১/২০১৮ পর্যন্ত<br><br>৬. রাব্বি ট্রেড ইন্টার ন্যাশনাল [৫৫ বীর উত্তম সি.আর দত্ত রোড, মেজাফফর টাওয়ার (৫ম তলা), বাংলামোটর, ঢাকা-১০০০]<br>প্রকার : মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা : ৫৫ বীর উত্তম সি.আর দত্ত রোড, মেজাফফর টাওয়ার (৫ম তলা), বাংলামোটর, ঢাকা<br>বার্ষিক চাহিদা : Gear Oil: 350 Kg<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>বিপণণ/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ :১৫/১০/২০১৭ হতে ১৪/০১/২০১৮ পর্যন্ত। | |
| ১৬২/১৪ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থের লাইসেন্স ধরণ এবং ফিস পুনঃনির্ধারণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** পেট্রোলিয়ামজাত পদার্থের লাইসেন্স ধরণ এবং ফিস পুনঃনির্ধারণ সম্পর্কিত বিষয়টি পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৬২/১৫ | **আলোচ্য বিষয়:** NWPGCL, Bangladseh and CMC, China এর যৌথ অংশীদারিত্বে গঠিত BCPCL কর্তৃক বাস্তবায়নাধীন পায়রা ১৩২০ মে: ও: তাপ বিদ্যুৎ প্রকল্পে অর্থায়নের জন্য নওপাজেকো লিঃ এর ২০১৭-২০১৮ অর্থবছরের প্রয়োজনয়ি ইক্যুইটির একটি অংশ ৬৭৪ (ছয়শত চুয়াত্তর) কোটি টাকা ' বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড' হতে প্রদানের বিষয়ে কমিশনের সম্মতি সম্পর্কে।<br><br>**আলোচনা:** BCPCL কর্তৃক বাস্তবায়নাধীন পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ প্রকল্পে নওপাজেকো এর ইক্যুইটি হিসাবে ১,১৮৪ কোটি টাকা 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড' হতে অর্থায়নের অনুমোদনের বিষয়ে ১৫ মার্চ ২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগ কমিশনে পত্র প্রেরণ করে । এ প্রেক্ষাপটে ১৪১তম কমিশন সভায় উক্ত তাপ বিদ্যুৎ প্রকল্পে অর্থায়নের জন্য নওপাজেকো এর ইক্যুইটি ১,১৮৪ (এক হাজার একশত চুরাশি) কোটি টাকা 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইনস, ২০১২' এর প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড' হতে অর্থায়নের জন্য নীতিগত অনুমোদন প্রদান করা হয় এবং তা বিদ্যুৎ বিভাগ-কে অবহিত করা হয় ।<br><br>বর্ণিত ফান্ডকে একটি কার্যকর revolving ফান্ড হিসাবে পরিচালনার লক্ষ্যে বর্ণিত গাইডলাইনস্ সংশোধনের কার্যক্রম কমিশনে চলমান রয়েছে।<br><br>নওপাজেকো এর চাহিদার পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক বিউবো কর্তৃক উক্ত ফান্ড হতে ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য ৪০০.০০ (চার শত) কোটি টাকা নওপাজেকো বরাবর প্রদান করা হয়। সেসাথে দ্বিতীয় ধাপে (২০১৭-২০১৮ সালের) প্রস্তাব প্রেরণের পূর্বে উক্ত প্রকল্পের ট্যারিফ সংশোধন ও রেগুলেটরী গাইডলাইন্স, ২০১২ এর প্রয়োজনীয় সংশোধনের পর ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণকল্পে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নওপাজেকো-কে বিউবো কর্তৃক অনুরোধ জানানো হয় ।<br><br>বিদ্যুৎ বিভাগ ৯ অক্টোবর ২০১৭ তারিখে কমিশনে প্রেরিত পত্রে উক্ত প্রকল্পে ২০১৭-২০১৮ অর্থবছরে নওপাজেকো এর ইক্যুইটির ৬৭৪.০০ (ছয়শত চুয়াত্তর) কোটি টাকা 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড' হতে | |

প্রদানের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিদ্যুতের মূল্য সহনীয় রাখার নিমিত্ত প্রকল্পের ট্যারিফ সংশোধন এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের "বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড" সংক্রান্ত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১২ এর প্রয়োজনীয় সংশোধনের বিষয়ে বিউবো কমিশনের মতামত গ্রহণের অনুরোধ জানিয়েছে মর্মে উল্লেখ করত: এবং নওপাজেকো এর চাহিদার পরিপ্রেক্ষিতে পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ প্রকল্পের কাজ চলমান রাখার বিষয়টি বিবেচনা করে বিউবো এর প্রস্তাবের বিষয়ে মতামত প্রদানের জন্য কমিশনকে অনুরোধ করা হয়েছে।

'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইনস্, ২০১২' সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। সংশোধিত গাইডলাইন্স আলোচ্য অর্থায়নসহ সকল প্রকল্পের অর্থায়নের জন্য প্রয়োজ্য হবে মর্মে বিদ্যুৎ বিভাগকে অবহিত করণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** কমিশন কর্তৃক 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১২' সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। সংশোধিত গাইডলাইন্স আলোচ্য অর্থায়নসহ সকল প্রকল্পের অর্থায়নের জন্য প্রযোজ্য হবে মর্মে বিদ্যুৎ বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিচালক (বিদ্যুৎ)

---

১৬২/১৬

**আলোচ্য বিষয়:** কমিশনের প্রশাসন অনুবিভাগের শাখা পর্যায়ের কাজের পুনঃবিন্যাস সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের প্রশাসন অনুবিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিদ্যমান কার্যক্রম পুনঃবিন্যাস করা প্রয়োজন। এ লক্ষ্যে প্রশাসন অনুবিভাগের কার্যক্রম জনাব মোঃ ফিরোজ জামান, উপপরিচালক ( কঞ্জুমার এ্যাফেয়ার্স), জনাব মুহাম্মদ রফিকুল আলম ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব বেলায়েত হোসেন, সহকারী পরিচালক (কঞ্জুমার এ্যাফেয়ার্স) এর মধ্যে পুনঃবিন্যাস করা যেতে পারে। এক্ষেত্রে জনাব মোঃ ফিরোজ জামান ও জনাব বেলায়েত হোসেন কঞ্জুমার এ্যাফেয়ার্স শাখার কার্যক্রমের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রশাসন শাখার অর্পিত দায়িত্ব পালন করবেন।

কমিশনের প্রশাসন অনুবিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিদ্যমান কার্যক্রম পুনঃবিন্যাস করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

(ক) কমিশনের প্রশাসন অনুবিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিদ্যমান কার্যক্রম নিম্নরূপভাবে পুনঃবিন্যাস করার সিদ্ধান্ত গৃহিত হয়:

সচিব

| কর্মকর্তা | দায়িত্ব |
|---|---|
| জনাব মোঃ ফিরোজ জামান<br>উপপরিচালক,(কঞ্জুমার এ্যাফেয়ার্স) | ১। সেমিনার/কনফারেন্স/প্রশিক্ষণ কোর্সের আয়োজন;<br>২। দক্ষতা উন্নয়ন/সকল প্রশিক্ষণ:<br>➢ বৈদেশিক প্রশিক্ষণ<br>➢ অভ্যন্তরীণ প্রশিক্ষণ<br>➢ উচ্চশিক্ষা<br>৩। কমিশনের সংশোধিত জনবল কাঠামো;<br>৪। কমিশনের নিজস্ব ভবন নির্মাণ/জমি বরাদ্দ/ অফিস স্পেস ক্রয়;<br>৫। আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ ও প্রতিবেদন প্রেরণ;<br>৬। আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা।<br>৭। গবেষণা ও প্রকল্প<br>৮। ইন্টার্নশীপ/কনসালটেন্ট নিয়োগ।<br>৯। সভা :<br>➢ সমন্বয় সভা<br>➢ উন্মুক্ত সভা<br>➢ কমিশন সভা<br>➢ গণশুনানি |

| | |
|---|---|
| জনাব মুহাম্মদ রফিকুল আলম ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) | ১। সংস্থাপন :<br>➢ ব্যক্তিগত নথিসমূহ<br>➢ জনবল ব্যবস্থাপনা/নিয়োগ<br>➢ পদোন্নতি/দক্ষতাসীমা অতিক্রম/চাকুরী স্থায়ী/নিয়মিতকরণ<br>➢ পদায়ন/দায়িত্ব বন্টন<br>➢ প্রেষণ<br>➢ ছুটি<br>➢ সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক<br>➢ পেনশন<br>➢ বেতন ও ভাতাদি, মজুরী<br>২। প্রশাসন অনুবিভাগের মাসিক প্রতিবেদন।<br>৩। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিবেদন/পত্র যোগাযোগ।<br>৪।বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার সাথে যোগাযোগ ও চাহিত প্রতিবেদন প্রেরণ;<br>৫। ক্রয় সংক্রান্ত সকল কার্যাবলী।<br>৬। পূর্তকাজ ।<br>৭। ক্ষুদ্র মেরামত ও সংস্কার।<br>৮।পত্রজারী ও পত্র গ্রহণ ।<br>৯। আপ্যায়ন, সভা রুম প্রস্তুত সংক্রান্ত কার্যাবলী ।<br>১০। বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ।<br>১১। নিরীক্ষা |
| জনাব বেলায়েত হোসেন সহকারী পরিচালক ( কঞ্জুমার এ্যাফেয়ার্স) | ১। জ্বালানি ও যানবাহন সংক্রান্ত।<br>২। এসডিজি ।<br>৩। ইনোভেশন সংক্রান্ত কার্যাবলী ।<br>৪। শুদ্ধাচার কৌশল।<br>৫। বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ।<br>৬। বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ।<br>৭। মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন ।<br>৮। সংসদ কার্যক্রম।<br>৯। জনসংযোগ/মিডিয়া।<br>১০। লাইব্রেরী ব্যবস্থাপনা।<br>১১। আউটরীচ প্রোগ্রাম । |

(খ) জনাব মোঃ ফিরোজ জামান, উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স) ও জনাব বেলায়েত হোসেন সহকারী পরিচালক, (কনজ্যুমার অ্যাফেয়ার্স) কঞ্জুমার অ্যাফেয়ার্স শাখার কার্যক্রমের অতিরিক্ত দায়িত্ব হিসেবে তাদের ওপর অর্পিত প্রশাসন শাখার দায়িত্ব পালন করবেন;

(গ) জনাব মোঃ ফিরোজ জামান, উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স) অর্পিত দায়িত্ব ব্যবস্থা গ্রহণের জন্য সচিবের নিকট নথি উপস্থাপন করবেন এবং জনাব মুহাম্মদ রফিকুল আলম ভূঁইয়া ,সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব বেলায়েত হোসেন সহকারী পরিচালক, (কনজ্যুমার অ্যাফেয়ার্স) অর্পিত দায়িত্ব ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক (প্রশাসন) এর নিকট নথি উপস্থাপন করবেন;

(ঘ) উল্লিখিত কার্যাদি ব্যতিত প্রশাসন অনুবিভাগের কার্যাদি সম্পর্কিত অন্যান্য নথি উপপরিচালক (প্রশাসন) উপস্থাপন করবেন।

১৬২/১৭ **আলোচ্য বিষয়:** কমিশনের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ হতে ১টি জীপ গাড়ি ক্রয়ের অগ্রিম বিল পরিশোধ সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, ১৫৮তম কমিশন সভার সিদ্ধান্ত মোতবেক কমিশনের ঢাকা-মেট্রো-খ-১২-৪৮৭২ নং গাড়িটি অকেজো ঘোষণা করা হয়েছে এবং গাড়িটি বিক্রয়ের লক্ষ্যে ২টি জাতীয় দৈনিক পত্রিকায়

| | | |
|---|---|---|
| | বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তদানুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে যা দ্রুত বিক্রয় করা সম্ভব হবে। অকেজো ঘোষিত গাড়িটির স্থলে নতুন গাড়ি ক্রয়ের লক্ষ্যে কমিশনের পত্র নং বিইআরসি/যানবাহন ক্রয়/ প্রশা:০৭১/১৪/৫০৩৬; তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ মূলে সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br><br>প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ জীপ গাড়িটির মূল্যবাবদ সূত্র নং ৩৬.০৯৩.০৩০.০৯.৭৭.০১৮.২০১৭; তারিখ ১৬.১০.২০১৭ মোতাবেক ৯০,৬৯,৫০০/- (নব্বই লক্ষ উনষাট হাজার পাঁচশত) টাকার বিল প্রেরণ করছে। প্রতিষ্ঠানটির নিয়মানুযায়ী গাড়ি সরবরাহের পূর্বে ১০০% মূল্য " প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ" এর বরাবর পে-অর্ডার/ক্রসড আই.এম.সি আর চেকের মাধ্যমে পরিশোধের করতে হয়। উল্লেখ্য, জীপ গাড়িটির মূল্য সংযোজন কর জমা দেওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বিধায় দাখিলকৃত বিল হতে কোনো প্রকার মূল্য সংযোজন কর কর্তন ব্যতিরেকে পরিশোধ করার জন্য প্রতিষ্ঠানটি অনুরোধ করেছেন।<br>কমিশনের চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে মোটরযান ক্রয় খাতে (৬৮০৭) ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। এ পর্যন্ত এ খাত হতে কোনো অর্থ ব্যয় করা হয়নি। আলোচ্য ব্যয় নির্বাহে এ খাতে পর্যাপ্ত স্থিতি রয়েছে।<br>কমিশনের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য Pajero QX মডেলের একটি জীপ গাড়ি ক্রয়ের লক্ষ্যে দাখিলকৃত ৯০,৬৯,৫০০/- (নব্বই লক্ষ উনসত্তর হাজার পাঁচশত) টাকার বিলটি অগ্রিম হিসেবে " প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ" এর অনুকুলে ক্রস চেকের মাধ্যমে পরিশোধ ও গাড়ী সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম সমন্বয়ের প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ কর হয়।<br><br>**সিদ্ধান্ত:** কমিশনের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ হতে ১টি জীপ গাড়ি মূল্য বাবদ দাখিলকৃত ৯০,৬৯,৫০০/- (নব্বই লক্ষ উনসত্তর হাজার পাঁচশত) টাকার বিলটি অগ্রিম " প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ" এর অনুকুলে ক্রস চেকের মাধ্যমে পরিশোধ ও গাড়ী সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম সমন্বয়ের প্রস্তাব অনুমোদন করা হয়। | সচিব |
| ১৬২/১৮ | **আলোচ্য বিষয়:** কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের গাড়ির জ্বালানি ব্যয় প্রকৃত ব্যবহারের ভিত্তিতে নির্বাহ সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ মোতবেক কমিশন একটি স্বাধীন ও নিরপেক্ষ সংবিধিবদ্ধ সংস্থা। আইন অনুযায়ী কমিশনের মাননীয় চেয়ারম্যান ও সম্মানিত সদস্যগণ কমিশনের সার্বক্ষণিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। কমিশনের মাননীয় চেয়ারম্যান সুপ্রিমকোর্টে বিভাগের আপিল বিভাগ এবং সম্মানিত সদস্যগণ হাইকোর্ট বিভাগের বিচারকের সমতুল্য। কমিশনের মাননীয় চেয়ারম্যান ও সম্মানিত সদস্যগণ সার্বক্ষণিক গাড়ি সুবিধা পান। জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে বিভিন্ন সভা/সেমিনারে কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণকে অংশগ্রহণ করতে হয়। বর্তমানে ঢাকা শহরের যানযট থাকার কারণে অফিসে যাতায়াত ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য প্রায়শই দীর্ঘ সময় যানজটে অপেক্ষা করতে হয়। এতে জ্বালানি ব্যয় বৃদ্ধি পাচ্ছে বিশেষ করে মাননীয় চেয়ারম্যান ও সদস্যগণের জন্য সরবরাকৃত গাড়ীসমূহ ডিজেল চালিত হওয়ায় জ্বালানি ব্যয় বৃদ্ধি পাচ্ছে। অধিকন্তু বিভিন্ন স্থাপণা পরিদর্শন ও আউটরীচ প্রোগ্রামসহ, স্থানীয় প্রশাসন, জ্বা<br><br>লানি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার কর্মকর্তাগণের সাথে সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় চেয়ারম্যান ও সদস্যগণকে দেশের বিভিন্ন অঞ্চলে ভ্রমণ করতে হয়। এ প্রেক্ষাপটে জ্বালানি ব্যয়ের নির্ধারিত সীমার মধ্যে থেকে দাপ্তরিক দায়িত্ব পালনের নিমিত্ত অফিসসহ বিভিন্ন স্থানে যাতায়াতের জ্বালানি ব্যয় সংকুলানে সমস্যা হচ্ছে।<br><br>বিস্তারিত আলোচনাক্রমে কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের গাড়ির জ্বালানি ব্যয় প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সংকুলান করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের গাড়ির জ্বালানি ব্যয় প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সংকুলান করার প্রস্তাব অনুমোদন করা হয়। | সচিব |
| ১৬২/১৯ | **আলোচ্য বিষয়:** 'Energy Regulatory Regime: Lessons for Bangladseh' শীর্ষক সেমিনারে ব্যয়িত খরচ সমন্বয়ের অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের উদ্যোগে গত ৩১ আগস্ট ২০১৭ | |

তারিখে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে “Energy Regulatory Regime: Lessons for Bangladesh” শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হয়। কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী উক্ত সেমিনারের গেস্ট অব অনার জনাব আর ভি শাহী, ভারতের সাবেক বিদ্যুৎ সচিবের বিমান ভাড়া বাবদ ১,৩১,০০০.০০ (এক লক্ষ একত্রিশ হাজার) টাকা কমিশনের প্রাক্তন উপপরিচালক (প্রশাসন) জনাব কংকন চাকমার অনুকূলে অগ্রিম প্রদান করা হয়েছিল। উক্ত অগ্রিম হতে ১,৩১,০০০.০০ (এক লক্ষ একত্রিশ হাজার) টাকা বিমান ভাড়া বাবদ ব্যয় হয়েছে ।

অন্যদিকে হল ডেকোরেশন, সেমিনারে অংশগ্রহণকারীদের সম্মানি, গাড়ীচালক/অন্যান্যদের আপ্যায়ন, ডিনার, আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি বাবদ ৩,১৭,০০০.০০ (তিন লক্ষ সতের হাজার) টাকা কমিশনের সহকারী পরিচালক (প্রশাসন) এর অনুকূলে অগ্রীম প্রদান করা হয়েছিল। উক্ত অগ্রীমের বিপরীতে ব্যয়ের বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | ব্যয়িত টাকা | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | আমন্ত্রিত অতিথি, আলোচক, রেপোটিয়ার, ইমাম, অংশগ্রহণকারী, ইমাম/পুরোহিত এবং উপস্থাপকের সম্মানি | ২,১২,০০০.০০ | ৯১-১১৭ |
| ২ | ফুলের তোড়া ও হল ডেকোরেশন | ১২,০০০.০০ | ১১৮ |
| ৩ | ব্যানার, ফেস্টুন, ফ্লিপ চার্ট বোর্ড ও স্টেশনারী দ্রব্য সামগ্রী | ৫,০৪০.০০ | ১১৯-১২৩ |
| ৪ | ডিনার (২টি), গাড়ীচালক ও অনন্যাদের আপ্যায়ন | ৫৮,৯২৫.০০ | ১২৪-১২৬ |
| ৫ | জ্বালানি ব্যয় | ১০,০৭৫.০০ | ১২৭-১২৯ |
| ৬ | সম্মানির আয়কর ১০% | ২৩,৩৪৮.০০ | ১৩০ |
| ৭ | ভ্যাট (ব্যানার, ফেস্টুন ও হল ডেকোরেশন ১৫% এবং স্টেশনারি, জ্বালানি ও আপ্যায়ন ৫%) | ৫,৭৪৯.০০ | ১৩১ |
| | ভ্যাটসহ সর্বমোট ব্যয় | ৩,২৭,১৩৭.০০ | |

সচিব

উল্লিখিত সর্বমোট ব্যয় (আয়কর ও ভ্যাটসহ) ৩,২৭,১৩৭.০০ (তিন লক্ষ সাতাশ হাজার একশত সাইত্রিশ) টাকা যা থেকে সম্মানির আয়কর বাবদ ২৩,৩৪৮.০০ (তেইশ হাজার তিনশত আটচল্লিশ) টাকা ও হল ডেকোরেশন, স্টেশনারি, জ্বালানি এবং আপ্যায়নের ভ্যাট বাবদ ৫,৭৪৯.০০ (পাঁচ হাজার সাতশত উনপঞ্চাশ) টাকা চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখায় জমা প্রদান করা হয়েছে। অগ্রিম গৃহিত ৩,১৭,০০০.০০ (তিন লক্ষ সতের হাজার) টাকার বিপরীতে প্রকৃত ব্যয় ৩,২৭,১৩৭.০০ (তিন লক্ষ সাতাশ হাজার একশত সাইত্রিশ) টাকা। অতিরিক্ত ব্যয় হয়েছে (৩,২৭,১৩৭.০০ - ৩,১৭,০০০.০০)= ১০,১৩৭.০০ (দশ হাজার একশত সাইত্রিশ) টাকা।

**সিদ্ধান্ত:** গত ৩১ আগস্ট ২০১৭ তারিখে কমিশন কর্তৃক প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল এ আয়োজিত ‘Energy Regulatory Regime: Lessons for Bangladseh’ শীর্ষক সেমিনারে আগত অতিথিগণের বিমান ভাড়া বাবদ ১,৩১,০০০.০০ (এক লক্ষ একত্রিশ হাজার) টাকা ও সেমিনারের হল ডেকোরেশন, সেমিনারে অংশগ্রহণকারীদের সম্মানি, গাড়ীচালক ও অন্যান্যদের আপ্যায়ন, ডিনার, আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি বাবদ ৩,২৭,১৩৭.০০ (তিন লক্ষ সাতাশ হাজার একশত সাইত্রিশ) টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব অনুমোদন করা হয়।

১৬২/২০ **আলোচ্য বিষয়:** বিদ্যুতের মূল্যহার পরিবর্তনের আবেদনের উপর অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়নের জন্য ব্যয়িত খরচ সমন্বয়ের অনুমোদন সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, বিদ্যুতের মূল্যহার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানী সমূহের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৫, ২৬, ২৭ ও ২৮ সেপ্টেম্বর ২০১৭ এবং ২, ৩ ও ৪ অক্টোবর ২০১৭ টিসিবি ভবনের অডিটরিয়ামে (২য় তলা) গণশুনানি অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানিতে অংশগ্রহণকারীদের আপ্যায়নের জন্য ৫,২৫,০০০.০০ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা কমিশনের সহকারী পরিচালক (প্রশাসন) এর অনুকূলে

সচিব

বাংলাদেশের (ক্যাব) অনুরোধের পরিপ্রেক্ষিতে ০৫ অক্টোবর, ২০১৭ তারিখ টিসিবি ভবনের অডিটরিয়ামে (২য় তলা) গণশুনানি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত প্রতিটি গণশুনানিতে অংশগ্রহণকারীদের আপ্যায়নের ব্যবস্থা করা হয়েছে।

অনুষ্ঠিত গণশুনানিসমূহে আপ্যায়ন বাবদ ব্যয়ের বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | ব্যয়িত টাকা |
|---|---|---|
| ১ | ২৫-৯-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৯১,০০০.০০ |
| ২ | ২৬-৯-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৬৯,৩০০.০০ |
| ৩ | পানি ক্রয় (১০০৮ বোতল) | ৯,০৬০.০০ |
| ৪ | ২৭-৯-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৬১,৫০০.০০ |
| ৫ | ২৮-৯-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৫৯,২১০.০০ |
| ৬ | ০২-১০-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৫৯,৯৫০.০০ |
| ৭ | ২/১০/২০১৭ পানি ক্রয় (১০০৮ বোতল) | ৯,০৬০.০০ |
| ৮ | ০৩-১০-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৫১,৫০০.০০ |
| ৯ | ০৪-১০-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৪৫,০৫০.০০ |
| ১০ | ০৫-১০-২০১৭ তারিখ অনুষ্ঠিত গণশুনানিতে আপ্যায়ন ব্যয় | ৭৫,৯৮০.০০ |
| | মোট ব্যয় | ৫,৩১,৬১০.০০ |
| | ভ্যাট ৫% | ২৬,৫৮১.০০ |
| | ভ্যাটসহ মোট ব্যয় | ৫,৫৮,১৯১.০০ |

**সিদ্ধান্ত:** বিদ্যুতের মূল্যহার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানী সমূহের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৫, ২৬, ২৭ ও ২৮ সেপ্টেম্বর ২০১৭ এবং ২, ৩ ও ৪ অক্টোবর ২০১৭ টিসিবি ভবনের অডিটরিয়ামে (২য় তলা) গণশুনানি অনুষ্ঠিত গণশুনানিসমূহে আপ্যায়ন বাবদ ভ্যাটসহ মোট ৫,৫৮,১৯১.০০ (পাঁচ লক্ষ আটান্ন হাজার একশত একানব্বই) টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব অনুমোদন করা হয়।

১৬২/২১

**আলোচ্য বিষয়:** কমিশনের এসএনডি একাউন্ট হতে স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের তিনটি ব্যাংকে রক্ষিত তিনটি স্থায়ী আমানত মেয়াদুত্তীর্ণ হয়। মেয়াদুত্তীর্ণ স্থায়ী আমানত তিনটির অর্থের পরিমান সুদসহ (৮,০০,০০,০০০+ ১,৩৯,৭৬,৫৩৩)=৯,৩৯,৭৬,৫৩৩/-(নয় কোটি উনচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার পাঁচশত তেত্রিশ) টাকা যা কমিশনের এসএনডি হিসাবে রক্ষিত রয়েছে। এছাড়াও কমিশনের এসএনডি হিসাবের স্থিতি হতে ৬০,২৩,৪৬৭/- (ষাট লক্ষ তেইশ হাজার চারশত সাতষট্টি) টাকাসহ ১০.০০ (দশ) কোটি টাকা সোনালী ব্যাংক লিঃ, কারওয়ান বাজার শাখায়, ৩ (বছর) মেয়াদে ৫% হার সুদে স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করার বিষয়ে একমত পোষণ করা হয়।

পরিচালক (অর্থ ও হিসাব)

**সিদ্ধান্ত:** অর্থ মন্ত্রণালয় স্মারক নং ৫৩.০১১.০৩৩.০০.০০.০০৩/২০০৩/২৬৭ (১) মোতাবেক সরকারি আমানত ৭৫% সরকারি ব্যাংকে এবং ২৫% বেসরকারি ব্যাংকে জমা রাখার বিধান রয়েছে। ১৫৭তম কমিশন সভায় সে আলোকে সরকারি ব্যাংকে স্থায়ী আমানতের হার ৪২% হতে ৭৫% এ উন্নীত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সরকারি ব্যাংকে কমিশনের স্থায়ী আমানতের হার বৃদ্ধি ও হিসাব পরিচালনার সুবিধার্থে কমিশনের এসএনডি একাউন্ট (নং-০১১৭-২০-৩০০০২১৬) এর স্থিতি প্রস্তাবিত ৫.০০% হার সুদে ৩(তিন) বছর মেয়াদে সোনালী ব্যাংক লিঃ কারওয়ান বাজার শাখায় ১০.০০ (দশ) কোটি টাকা স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ করার প্রস্তাব অনুমোদন করা হয়।

১৬২/২২

**আলোচ্য বিষয়:** কমিশনের উদ্বৃত্ত রাজস্ব/অর্থ প্রজাতন্ত্রের সংযুক্ত তহবিলে/সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য প্রাপ্ত নতুন অর্থনৈতিক কোডে উদ্বৃত্ত রাজস্ব প্রদান সম্পর্কে।

**আলোচনা:** কমিশনের উদ্বৃত্ত তহবিলের বিষয়ে ২২/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত ১৫৭তম কমিশন সভায় ঙ(১) এ

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত গৃহিত হয় যে, কমিশনের আর্থিক বিষয়াদি সম্পর্কিত কমিশন আইন ও প্রবিধান, কমিশনের নিজস্ব উদ্বৃত্ত তহবিলের সর্বশেষ স্থিতি এবং বিদ্যমান সামগ্রিক অবস্থা পর্যালোচনায়, ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব বিবরণীর ভিত্তিতে যে কোন প্রয়োজনে ব্যয় নির্বাহ করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখে বিদ্যমান উদ্বৃত্ত তহবিলের স্থিতি থেকে মোট ১০ (দশ) কোটি টাকা প্রজাতন্ত্রের সংযুক্ত তহবিলে জমা প্রদান করতে হবে। কমিশন কর্তৃক প্রেরিত পত্রের প্রেক্ষিতে সরকারী কোষাগারে উদ্বৃত্ত রাজস্ব জমা প্রদানের নিমিত্ত অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-১ হতে গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে রাজস্ব প্রাপ্তির কোড প্রদান করা হয় যা "১-৪২০৫-৩২৩৯-২৬৮১- বিবিধ রাজস্ব ও প্রাপ্তি"।<br><br>২৭ এপ্রিল ২০০৪ তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর কমিশন আইনের ১৭(১)(ক) এবং তহবিল প্রবিধানের ৫ (ক)(১) অনুচ্ছেদ অনুযায়ী অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় থেকে ২০০৩-০৪ অর্থবছরে বাজেট বরাদ্দ বা বাজেট সহায়তা অনুদান হিসেবে কমিশনের অনুকূলে প্রাপ্ত ৫০,৮৩,০০০/- (পঞ্চাশ লক্ষ তিরাশি হাজার) টাকা নিয়েই কমিশনের তহবিল প্রাথমিকভাবে গঠিত হয়। তহবিলের প্রাথমিক উৎস হিসেবে ২০০৩-০৪ অর্থবছর থেকে ২০০৭-০৮ অর্থবছর পর্যন্ত মোট ৫ অর্থবছরে কমিশন বাজেট সহায়তা/অনুদান হিসেবে পাওয়া যায় সর্বমোট ৩,৫৪,৭৮,০০০/- (তিন কোটি চুয়ান্ন লক্ষ আটাত্তর হাজার) টাকা। এ টাকার মধ্যে উদ্বৃত্ত সর্বমোট ৫৭,২৫,০০০/- (সাতান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকা কমিশন কর্তৃক প্রজাতন্ত্রের সংযুক্ত তহবিলে জমা/ফেরত প্রদান করা হয়েছিল। ২০০৭-০৮ অর্থ বছরের পর অদ্যাবধি আর অর্থ সরকারী কোষাগারে প্রদান করা হয়নি।<br><br>কমিশনের সোনালি ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখার SND হিসাবের (০১১৭-২০-৩০০০২১৬) ১৭ অক্টোবর ২০১৭ পর্যন্ত স্থিতি ৩১,৯২,১৬,৬৩৬.৯৬ (একত্রিশ কোটি বিরানব্বই লক্ষ ষোল হাজার ছয়শত ছত্রিশ টাকা ছিয়ানব্বই পয়সা) টাকা ও FDR এর আসল/Principal টাকার স্থিতি ১০৮,০০,০০,০০০.০০ (একশত আট কোটি) টাকাসহ কমিশনের সর্বমোট স্থিতি ১৩৯,৯২,১৬,৬৩৬.৯৬ (একশত উনচল্লিশ কোটি বিরানব্বই লক্ষ ষোল হাজার ছয়শত ছত্রিশ টাকা ছিয়ানব্বই পয়সা)।<br><br>১৫৭তম কমিশন সভায় ঙ(২) এর সিদ্ধান্ত মোতাবেক প্রজাতন্ত্রের সংযুক্ত তহবিলে/ সরকারী কোষাগারে জমা প্রদানের বিষয়ে প্রক্রিয়া/ পদ্ধতি সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য কমিশনের সচিব ও পরিচালক (অর্থ ও হিসাব) কে নির্দেশনা প্রদান করা হয়। এ পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে জানা যায় যে, কমিশন কর্তৃক নির্ধারিত উদ্বৃত্ত রাজস্ব অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত কোডে ট্রেজারি চালান মারফত বাংলাদেশ ব্যাংক এ জমা প্রদান করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:** কমিশনের জমাকৃত উদ্বৃত্ত অর্থ সোনালী ব্যাংক এসএনডি হিসাব এর বর্তমান স্থিতি হতে ১০.০০ (দশ) কোটি টাকা A/C Payee চেক ট্রেজারি চালানের মাধ্যমে অর্থ বিভাগের প্রদত্ত সংযুক্ত তহবিলের অর্থনৈতিক কোড "১-৪২০৫-৩২৩৯-২৬৮১- বিবিধ রাজস্ব ও প্রাপ্তি" এ "বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা" এর অনুকূলে প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। ১০.০০ (দশ) কোটি সংশ্লিষ্ট খাতে জমা প্রদানের পর তা অর্থ বিভাগ ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে। | পরিচালক<br>(অর্থ ও হিসাব) |
| ১৬২/বিবিধ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন বিতরণের জন্য/কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে নিম্নবর্ণিত ২টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন বিতরণের জন্য/কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে নিম্নবর্ণিত ২টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান করা যেতে পারে।<br>১. টোটাল প্যাক এন্ড প্যাকেজিং [৯২৯ শহিদবাগ, রাজারবাগ, ঢাকা-১২১৭]<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : রুপনগর, মিরপুর শিল্প এলাকা, ঢাকা<br>বার্ষিক চাহিদা : পিঞ্জিং অয়েলঃ ৫০,০০০ লিটার<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>মেয়াদ :প্রথম ইস্যু তারিখ হতে ৩ (তিন) মাস<br><br>২. শাহরিয়ার ষ্টীল মিলস লিঃ [কোনাপাড়া, যাত্রাবাড়ি, ঢাকা]<br>প্রকার : মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা : কোনাপাড়া, যাত্রাবাড়ি, ঢাকা;<br>বার্ষিক চাহিদা : ট্রান্সফরমার অয়েল ২,০০০ লিটার;<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা;<br>মেয়াদ :প্রথম ইস্যু তারিখ হতে ৩ (তিন) মাস। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান) সদস্য | (মোঃ আবদুল আজিজ খান) সদস্য | (মাহমুদউল হক ভূইয়া) সদস্য | (রহমান মুরশেদ) সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ তারিখঃ অক্টোবর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫

**পরিশিষ্ট-খ**

নিম্নোক্ত ২০(বিশ)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (সিএম/১৬২/৬):

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | জেনারেটরের অবস্থান | নথি নং |
|---|---|---|---|
| ১. | ফাতিমা আলিয়াফ তালাই জুট মিলস লিমিটেড | বড় ভবানীপুর, জয়দেবপুর, গাজীপুর। | ০৬৫৭ |
| ২. | ই এন্ড সিম্যানুফ্যাকচারিং লিঃ | ৪৯-৫১, বিসিক শিল্প এলাকা, মুক্তারপুর, পঞ্চাসর, মুন্সিগঞ্জ। | ০৭৩২ |
| ৩. | ফিংগার লিকিং রেস্টুরেন্ট | প্লট নং- ১৩, রোড- ২, সেক্টর- ৩, উত্তরা, ঢাকা- ১২৩০। | ০৭৯১ |
| ৪. | ডেকো টেক্সটাইল মিলস লিঃ | উত্তরপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর। | ০৪৩৭ |
| ৫. | সেঞ্চুরী স্পিনিং মিলস লিমিটেড | মাওনা উত্তরপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর। | ০৬৭৬ |
| ৬. | কনভিন্স অ্যাপারেলস লিমিটেড | প্লটনং: ৬৮-৭১, ব্লক: কে, সেকশন: ২, মিরপুর, ঢাকা-১২১৬। | ০৪৭৬ |
| ৭. | ইমন ফ্যাশন লিমিটেড | মারিয়ালী, জয়দেবপুর, গাজীপুর। | ০৬৮৬ |
| ৮. | ইউনাইটেড ক্যাব লিমিটেড | ৪৭০, ধনিয়া, থানা: ডেমরা, ঢাকা- ১২৩৬। | ০৬৩৬ |
| ৯. | তিতাস নীটওয়্যার লিমিটেড | জিনজিরা ডেইরি ফার্ম, সাভার, ঢাকা। | ০৩৮৫ |
| ১০. | ফয়জুন অক্সিজেন প্লান্ট | মাদাম বিবির হাট, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম। | ০৭৪৬ |
| ১১. | এভারগ্রীন ল্যাম্পস লিমিটেড | প্লট- ১১, রোড- ১৮, ব্লক- ২, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা। | ০৬৩০ |
| ১২. | এবিকো ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ১০৮, টেকনাগটাড়া, জয়দেবপুর, গাজীপুর। | ০৯৩৩ |
| ১৩. | আমিন জুট মিলস লিমিটেড | ষোলশহর, চট্টগ্রাম। | ০৮৪৩ |
| ১৪. | ইস্টার্ন স্ট্র বোর্ড এন্ড পেপার মিলস লিমিটেড | গ্রাম: দক্ষিণপাড়া, পো: কায়েতপাড়া, থানা: রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ০৯১৪ |
| ১৫. | ফেয়ার অ্যাপারেলস লিমিটেড | এ/২৭৯-২৮৯, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ। | ০২৪৯ |
| ১৬. | চায়না বাংলা প্যাকেজিং এন্ড প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড | মৌজা নং: ৯, তেপির বাড়ি, ইউনিয়ন: তেলিহাটি, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর। | ০২৮২ |
| ১৭. | আল-আমিন বেভারেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | আল-আমিন ইন্ডাস্ট্রিয়াল জোন, বিনোদপুর, নোয়াখালী। | ০৬৬৪ |
| ১৮. | এ এন্ড এইচ নীট কম্পোজিট লিমিটেড | দেওলিয়া বাড়ি রোড, কোনাবাড়ি, গাজীপুর। | ০৮৬৯ |
| ১৯. | আখন্দ টেক্সটাইল মিলস লিমিটেড | এস. এ. ২১১, তেপিরবাড়ি, মুলাইদ, গাজীপুর। | ০৯৭১ |
| ২০. | আল-নূর স্টিল কমপ্লেক্স লিমিটেড ইউনিট-২ | কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। | ০৮৮০ |